

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

নির্দেশনা

তারিখ: নভেম্বর ১৩, ২০২২

নং. বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৮:- যেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর “কমিশন” বলিয়া বিবেচিত হইবে) এই মর্মে অবগত হইয়াছে যে, পুঁজিবাজারে নিবন্ধিত কতিপয় মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীন প্রণীত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ (অতঃপর “বিধিমালা” বলিয়া বিবেচিত হইবে) এর বিধি ৩ক এর উপ-বিধি (১) এর দফা (খ) অনুযায়ী সার্বক্ষণিক নীট সম্পদ (Net Worth) সংরক্ষণে ব্যর্থ হওয়ায় নিবন্ধন মঞ্জুরীর অযোগ্য হিসেবে পরিগণিত হইতেছে;


সেহেতু পুঁজিবাজারের বৃহত্তর স্বার্থে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার উদ্দেশ্যে কতিপয় শর্তসাপেক্ষে নিবন্ধন অব্যাহত রাখা এবং ঘাটতি পুঁজি যোগানে উদ্যোগ গ্রহণের উদ্দেশ্যে Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নোক্ত নির্দেশনা প্রদান করিল, যাহা অবিলম্বে কার্যকর হইবে:-

১. বিধিমালার বিধি ৩ক এর উপ-বিধি (১) এর দফা (খ) অনুযায়ী সার্বক্ষণিক নীট সম্পদ (Net Worth) সংরক্ষণে ব্যর্থ মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারসমূহকে এতদসংক্রান্ত বিধানাবলি পরিপালনের জন্য আগামী ডিসেম্বর ৩১, ২০২৩ তারিখ পর্যন্ত সময় প্রদান করা হইলো:

তবে শর্ত থাকে যে, উক্ত তারিখের মধ্যে কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার সংশ্লিষ্ট বিধি মোতাবেক সার্বক্ষণিক নীট সম্পদ সংরক্ষণে ব্যর্থ হইলে বিধিমালা মোতাবেক নিবন্ধন বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং একই সাথে উক্ত মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার জানুয়ারি ০১, ২০২৪ তারিখ হইতে পুঁজিবাজারে বিদ্যমান সকল প্রকার কোটা সুবিধা হইতে বঞ্চিত হইবে।

২. পুঁজিবাজারে বিদ্যমান কোটা সুবিধা স্থগিত সংক্রান্ত ইতোপূর্বে কমিশন কর্তৃক জারীকৃত আদেশ/নির্দেশ/পত্রের অন্যান্য শর্তসমূহ সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকারের জন্য পরিপালিত হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,


অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।